DEC. 30 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা ৪ কলাম ৬

# বেসরকারী স্কুল-কলেজে পরিচালনা কমিটি গঠন প্রসঙ্গে

তত্ত্বাবধায়ক সরকারের সময়ে সুষ্ঠু ও নিরপেক্ষভাবে শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনার স্বার্থে কমিটিতে সদস্য মনোনয়ন প্রদানের ক্ষেত্রে রাজনৈতিকভাবে সম্পৃক্ত ব্যক্তিবর্গের স্থলে সরকারী কর্মকর্তা এবং বেসরকারী নিরপেক্ষ নির্দলীয় ব্যক্তিবর্গকে বোর্ডের অনুমতিক্রমে অন্তর্ভুক্ত করার নির্দেশ দেয়া হয়। যার স্মারক নম্বর শা:৯/৩জি/১/৯০ (অংশ) ৬২৯(১৭) শিক্ষা ও তারিখ ২৬/৮/২০০১। এই সুনির্দিষ্ট নির্দেশ থাকা সত্ত্বেও দেশের অধিকাংশ বেসরকারী স্কুল-কলেজে তা মানা হচ্ছে না। ফলে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর কার্যক্রম ব্যাহত হচ্ছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

মোঃ বদরুল আলম,
সরারচর, কিশোরগঞ্জ।